যুব বার্তা

ত্রৈমাসিক সংবাদ সাময়িকী

যুব উন্নয়ন অধিদপ্তর

জুলাই- সেপ্টেম্বর ২০১৭ ৪১তম সংখ্যা

জাতীয় শোক দিবস-২০১৭ পালিত

জাতীয় শোক দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার, এমপি

মাগুরা জেলায় মহম্মদপুর উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এডভোকেট আব্দুল মান্নান, উপজেলা আওয়ামীলীগ এর ভারপ্রাপ্ত সভাপতি এস, এম নুরুজ্জামান, সাবেক ভাইস চেয়ারম্যান হাবিবুর রহমান, ভারপ্রাপ্ত কর্মকর্তা মহম্মদপুর থানা। আরও উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল নেতৃবৃন্দ, বিভাগীয় কর্মকর্তাবৃন্দ, সাংবাদিক, সুশীল সমাজ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ, শিক্ষক, ছাত্রছাত্রীবৃন্দ প্রমুখ। আলোচনা সভা শেষে যুব ঋণের চেক, রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়।

বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মোঃ আসাদুল ইসলাম মঞ্চে উপবিষ্ট মহাপরিচালক আনোয়ারুল করিম ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ

প্রধান কার্যালয়ে বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসায় বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে ১৫ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, যুব ভবনের নামাজ ঘরে খতমে কোরআন ও অনুষ্ঠান শেষে দোয়া মাহফিল, স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি এবং অধিদপ্তরের সম্মেলন কক্ষে ভিডিও চিত্র প্রদর্শণ এবং 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। (বাকি অংশ ৩য় পৃষ্ঠায়)

জামালপুরে ৫ম পর্ব ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর শুভ উদ্বোধন

প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি, প্রতিমন্ত্রী মীর্জা আজম এমপি, স্থায়ী কমিটির সভাপতি মোঃ রেজাউল করিম হীরা, স্থায়ী কমিটির সদস্য নাহিম রাজ্জাক, মহাপরিচালক আনোয়ারুল করিম প্রমুখ

২৩ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ৫ম পর্বের কার্যক্রম শুরু হয়েছে। দারিদ্র্য ম্যাপ অনুসারে দেশের ১৫ টি জেলার ২৪ টি উপজেলায় বাছাইকৃত ৩৭,৫৮৮ জন সুবিধাভোগীর অংশগ্রহণে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ৫ম পর্বের কার্যক্রম বাস্তবায়িত হবে। (বাকি অংশ ৫ম পৃষ্ঠায়)

আন্তর্জাতিক যুবদিবস উৎযাপিত

আন্তর্জাতিক যুবদিবস উপলক্ষে বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপমন্ত্রী আরিফ খান জয় এমপি, মঞ্চে যুব ও ক্রীড়া সচিব মোঃ আসাদুল ইসলাম, মহাপরিচালক আনোয়ারুল করিম, প্রবন্ধকার অধ্যাপক ড. দেলোয়ার হেসেন ও যুগ্ম-সচিব মোঃ মোফাজ্জল হোসেন

১২ আগষ্ট ২০১৭ আন্তর্জাতিক যুবদিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য "YOUTH BUILDING PEACE"-শান্তি প্রতিষ্ঠায় যুব। আন্তর্জাতিক যুব দিবস উদযাপন উপলক্ষে ১৩ আগস্ট যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। মূল প্রবন্ধ উপস্থাপন করেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. দেলোয়ার হোসেন। (বাকি অংশ ৬ষ্ঠ পৃষ্ঠায়)

ভেতরের পাতা

সারাদেশে আন্তর্জাতিক যুবদিবস-	পৃঃ-২
"শান্তি প্রতিষ্ঠায় যুবসমাজ"-	পৃঃ-২
গোলটেবিল বৈঠক-	পৃঃ-২
জাতীয় শোক দিবসের রক্তদান কর্মসূচি-	পৃঃ-৩
যুব ভবনে আলোকচিত্র প্রদর্শনী-	পৃঃ-৩
যুব সমাবেশ ২০১৭ -	পৃঃ-৪
মেন্টরিং প্রশিক্ষণ কর্মশালা-	পৃঃ-৪
ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মতবিনিময়-	পৃঃ-৪
ইমপ্যাক্ট প্রকল্পের মত বিনিময় সভা-	পৃঃ-৫
আত্মকর্মী থেকে উদ্যোক্তা-	পৃঃ-৫
যুব সংগঠনের উদ্যোগে বৃক্ষরোপন -	পৃঃ-৬
Master trainer প্রশিক্ষণ-	পৃঃ-৭
"যুব সংগঠক সমন্বয় সভা"-	পৃঃ-৭
মোবাইল ভ্যানে কম্পিউটার প্রশিক্ষণ-	পৃঃ-৭
সিলেট জেলায় শোক দিবস-	পৃঃ-৭
প্রাথমিক শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ -	পৃঃ-৭
কর্মচারিলীগের জাতীয় শোক দিবস পালন -	পৃঃ-৮
পরিচালক পদে যোগদান-	পৃঃ-৮
মাদকমুক্ত যুব সমাজ-	পৃঃ-৮
যুব উন্নয়ন কর্মকর্তার সাফল্যের স্বীকৃতি -	পৃঃ-৮
শোক সংবাদ-	পৃঃ-৮
যুব তথ্য কণিকা-	পৃঃ-৮

প্রকাশনায় : যুব উন্নয়ন অধিদপ্তর, E-mail: publication@dyd.gov.bd, Website: www.dyd.gov.bd www.facebook.com/departmentofyouthdevelopmenthq

সারাদেশে আন্তর্জাতিক যুব দিবস-২০১৭ উদ্‌যাপন

মাদারীপুর জেলা কার্যালয়ে

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন নৌ-পরিবহন মন্ত্রী শাহজাহান খান এমপি, পাশে পুলিশ সুপার মোঃ সারোয়ার হোসেন, উপপরিচালক (চঃদাঃ) মোঃ নাসির উদ্দিন প্রমুখ

মাদারীপুর জেলা কার্যালয়ের উদ্যোগে আলোচনা সভা ও বৃক্ষরোপনের মাধ্যমে দিবসটি উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নৌ-পরিবহন মন্ত্রী শাহজাহান খান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পুলিশ সুপার মোঃ সারোয়ার হোসেন, শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক (চঃ দাঃ), মুক্তিযোদ্ধা কমান্ডার, শাজাহান হাওলাদার, ডেপুটি কো-অর্ডিনেটর মোঃ রাকিবুল ইসলাম, বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণার্থী, বিভিন্ন বিভাগের কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, জেলা প্রশাসক মোঃ ওয়াহিদুল ইসলাম।

“শান্তি প্রতিষ্ঠায় যুবসমাজ”

আন্তর্জাতিক যুব দিবসে বক্তব্য রাখছেন সিলেট সিটি কর্পোরেশনের সাবেক মেয়র, মহানগর আওয়ামীলীগের সভাপতি ও কেন্দ্রীয় আওয়ামীলীগের কার্যনির্বাহী কমিটির সদস্য বদর উদ্দিন আহমদ কামরান পাশে জেলা প্রশাসক মোঃ রাহাত আনোয়ার প্রমুখ

সিলেট জেলা কার্যালয় কর্তৃক ১২ই আগষ্ট-২০১৭ আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এবারের প্রতিপাদ্য বিষয় ছিল “শান্তি প্রতিষ্ঠায় যুব সমাজ” উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোঃ রাহাত আনোয়ার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট সিটি কর্পোরেশনের সাবেক মেয়র, মহানগর আওয়ামীলীগের সভাপতি ও কেন্দ্রীয় আওয়ামীলীগের কার্যনির্বাহী কমিটির সদস্য বদর উদ্দিন আহমদ কামরান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট জেলা পরিষদের প্যানেল মেয়র, সিলেট মহিলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আমাতুজ জহুরা রওশন জেবীন রুবা, বঙ্গবন্ধু ফাউন্ডেশন স্বাস্থ্যবিষয়ক সম্পাদক সিলেট ও কেন্দ্রীয় কার্যকরী সদস্য, ডা: নাজরা চৌধুরী, সাংবদিক কলামিস্ট আফতাব চৌধুরী, ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক ফরিদ উদ্দিন। পবিত্র কোরআন তেলাওয়াত ও পবিত্র গীতা পাঠের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। শুরুতে জাতির জনকের প্রতি শ্রদ্ধা জানিয়ে ১মিনিট নিরবতা পালন করা হয়। স্বাগত বক্তব্য রাখেন মো: আলাউদ্দিন, উপপরিচালক (চলতি দায়িত্ব), সিলেট। প্রধান অতিথি বদর উদ্দিন আহমদ কামরান তার বক্তব্যে বলেন উন্নয়নের মহাসড়কে এখন বাংলাদেশ। বাংলাদেশকে একটি ডিজিটাল দেশে পরিণত করতে বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। ডিজিটাল বাংলাদেশর মূল প্রাণশক্তি আত্মপ্রত্যয়ী যুব উদ্যোক্তারা। যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে প্রশিক্ষণ ও কর্মমুখী শিক্ষা অর্জন করে আলোকিত মানুষ হওয়ার আহ্বান জানান। (বাকি অংশ-৬ষ্ঠ পৃষ্ঠায়)

‘সমাজ গঠনে যুবসমাজের কার্যকর অংশগ্রহণ’ শীর্ষক

প্রথম আলো আয়োজিত গোলটেবিল বৈঠকে

যুবসমাজই ভবিষ্যৎ নির্মাণের অগ্রদূত : যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী

অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার, এমপি মহাপরিচালক আনোয়ারুল করিম ও অন্যান্য অতিথিবৃন্দ

২৩ আগষ্ট-২০১৭খ্রিঃ বক্তব্য দেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার, এমপি। যুবসমাজের জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা খুবই জরুরি। যার কারণে দেশের সর্বোচ্চ ডিগ্রির দ্বারপ্রান্তে দাঁড়িয়েও বেশির ভাগ শিক্ষার্থী বলতে পারেন না, ভবিষ্যতে তিনি কী করবেন। বাড়ছে শিক্ষিত বেকারের সংখ্যা। কারিগরি শিক্ষায় এই অবস্থার পরিবর্তন হতে পারে। তবে সামাজিক মর্যাদা নিয়ে ভুল ধারণার কারণে মানুষ এ শিক্ষায় উৎসাহিত হচ্ছে না। তা ছাড়া সমাজ ও সরকারের উদ্যোগগুলো কিশোর-তরুণদের মনোজগৎকে নাড়া দিতে পারছে না। তাই মাদক বা জঙ্গিবাদের মতো বিষয়গুলো ঢুকে পড়ে তাদের মনের ঘরে, গ্রাস করে তাদের মন। সরকার এখন যে বাংলাদেশের স্বপ্ন দেখছে, তা বাস্তবায়নে তরুণদের কথা শুনতে হবে, তাদের মনের ঘরে উঁকি দিয়ে দেখতে হবে চাহিদাটা কোথায়। খেলাধুলা, সাংস্কৃতিক চর্চাসহ নানা কিছুতে তাদের ব্যস্ত রাখতে হবে। অবাধ ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যমের ভালো- খারাপ দিকগুলোও বিবেচনায় রাখতে হবে।

‘সমাজ গঠনে যুবসমাজের কার্যকর অংশগ্রহণ’ শীর্ষক গোলটেবিল আলোচনায় এসব মতামত উঠে আসে। বুধবার রাজধানীর কারওয়ান বাজারেপ্রথম আলোর সম্মেলনকক্ষে এ বৈঠক হয়। ইউনাইট ফর বডি রাইটস (ইউবিআর) অ্যালায়েন্স বাংলাদেশ, কিংডম অব নেদারল্যান্ডস দূতাবাসের সহযোগিতায় প্রথম আলো এ বৈঠকের আয়োজন করে। সঞ্চালনা করেন প্রথম আলোর সহযোগী সম্পাদক আব্দুল কাইয়ুম।

বৈঠকের প্রধান অতিথি যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার, এমপি বলেন, ‘আমরা তরুণদের যে লেখাপড়া শেখাচ্ছি, তা উন্নয়নে কোনো লাগছে কি? মাস্টার্স পাস করার পর ওই শিক্ষার্থী কী করবেন, তা তিনি জানেন না। আমাদের পর্যাপ্ত দক্ষতা তৈরি হচ্ছে না। এখন আমাদের কাজ হচ্ছে তরুণদের মানসম্মত শিক্ষায় শিক্ষিত করা, তাদের দক্ষ করে তোলা। যাতে তারা শিক্ষাকে কর্মের সঙ্গে যুক্ত করতে পারে। তরুণেরা যেন বিপথগামী না হয়, সে জন্য তাদের বেড়া দিয়ে রাখতে হবে।’ তরুণদের জন্য রাষ্ট্র পর্যাপ্ত খেলার মাঠ ও খোলা জায়গার বন্দোবস্ত রাখতে পারেনি বলে গোলটেবিলের কয়েকজন বক্তা উল্লেখ করেন। এর উত্তরে প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার বলেন, ‘আমি তো বলব, মাঠ আছে কিন্তু ছেলেমেয়েরা খেলতে যায় না। সবাই ফেসবুক নিয়ে ব্যস্ত।’ ড. শ্রী বীরেন শিকদার, এমপি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের আর ২০৪১ সালে উন্নত দেশ হিসেবে গড়ে তোলার টার্গেট নিয়েছেন। যুবসমাজকে যুক্ত করতে না পারলে এ লক্ষ্য যে পূরণ হবার নয়, সেটা সবাই বোঝেন। কারণ, দেশের জনসংখ্যার এক-তৃতীয়াংশ এখন তরুণ-যুবা। যুবসমাজই দেশের ভবিষ্যৎ নির্মাণের অগ্রদূত।

যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম বলেন, কারিগরি শিক্ষায় জোর দিতে হবে। সরকার এ বিষয়ে অনেক কাজ করছে। যুব উন্নয়ন অধিদপ্তর গ্রাম-গঞ্জের স্বল্পশিক্ষিত তরুণ-যুবদের প্রশিক্ষণ ও ঋণ দিয়ে স্বাবলম্বী করছে। যাঁদের অনেকেই এখন সমসাময়িক বেকার তরুণদের চাকরি দিতে পারেন। মূল বক্তব্য উপস্থাপন করেন ইউবিআর জোটের দলনেতা আয়েশা সিদ্দিকা। সেখানে বলা হয়, বাংলাদেশের ৪০ শতাংশ মানুষের বয়স ১০ থেকে ৩৪-এর মধ্যে। জনসংখ্যার ওই সুবিধা নিতে হবে। নারী প্রগতি সংঘের নির্বাহী পরিচালক রোকেয়া কবীর বলেন, বৈষম্যগুলো দূর করতে হবে। (বাকি অংশ-৫ম পৃষ্ঠায়)

জাতীয় শোক দিবস-২০১৭ পালিত (১ম পাতার পর)

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মোঃ আসাদুল ইসলাম রক্তদাতার সাথে কথা বলছেন পাশে মহাপরিচালক আনোয়ারুল করিম ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ

যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিমের সভাপতিত্বে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মোঃ আসাদুল ইসলাম উপস্থিত ছিলেন। অধিদপ্তরের সর্বস্তরের কর্মকর্তা কর্মচারীগণ কালো ব্যাচ ধারণ করে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চেতনায় অমর, অবিনশ্বর আজও তাঁর আদর্শ সমুজ্জল সমগ্র জাতি যথাযথ কর্মসূচির মাধ্যমে বিশ্ববাসীর সামনে তা আবারও প্রমাণ করলো। শুরুতে বঙ্গবন্ধুর জীবনির উপর ভিডিও চিত্র প্রদর্শন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মোঃ আসাদুল ইসলাম বলেন, স্বাধীনতা উপলব্ধি করার বিষয় বঙ্গবন্ধু সে অপার সম্ভাবনার দুয়ার খুলে দিয়ে গেছেন। আমরা ২০২১ সালে মধ্যম এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করবো। স্বাধীনতা মানে আমার নিজের মত করে পরিকল্পনা করতে পারা। যুব উন্নয়ন অধিদপ্তর লক্ষ লক্ষ যুবদের প্রশিক্ষণ দিয়ে কর্মসংস্থানের ব্যবস্থা করার সুযোগ পেয়েছে। বঙ্গবন্ধু মাত্র সাড়ে তিন বছরের মধ্যে প্রতিটি বিষয়ে হাত দিয়েছেন। তিনি সবকিছুর উর্দ্ধে। তার বিষয়টি আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ না রেখে দেশকে ভালবেসে দেশের মানুষের সেবা করতে হবে। আমরা স্বাধীন দেশের কর্মচারী। আমরা স্বাধীনতার সুফল ভোগ করছি। অনেক দেশের মানুষের তা নেই। বঙ্গবন্ধুর চিন্তা ও চেতনাকে ধারণ করে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। বর্তমানে নারীর ক্ষমতায়ন, প্রাথমিক শিক্ষার অগ্রগতি বিশ্ব দরবারে প্রশংসিত হয়েছে। জাতির পিতার প্রতি অশেষ শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে ভবিষ্যতের তরুণদের বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ে তোলার আহ্বান জানান। বক্তব্য শেষে ৫ জন প্রশিক্ষণার্থীর মধ্যে যুব ঋণের চেক বিতরণ করেন। সভাপতির বক্তব্যে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম বক্তব্যের শুরুতে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি সর্বকালের অবিসংবাদিত নেতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও তার পরিবারের নিহত সদস্যদের রুহের মাগফেরাত কামনা করেন। তিনি বলেন রাতের অন্ধকারে যারা এ ঘৃণ্য কাজ করেছে তাদের নিন্দা জানানোর ভাষা নেই। এই ঘটনার পিছনে দেশীয় ও আন্তর্জাতিক ষড়যন্ত্র ছিল। প্রচারণা ছিল আমরা ভারতের অঙ্গরাজ্যে পরিণত হবো। বঙ্গবন্ধু ও বাংলাদেশ অবিচ্ছেদ্য। ভারতীয় সৈন্য অতি দ্রুত বঙ্গবন্ধুর উদ্যোগে দেশ ত্যাগ করেছে। দেশীয় মুক্তিযোদ্ধারা অস্ত্র জমা দিয়েছেন। বঙ্গবন্ধুর পক্ষেই সেটি সম্ভব ছিল। তিনি শুধু দেশের নয়, আন্তর্জাতিক নেতৃত্বে পরিণত হয়েছিলেন। মহাপরিচালক আরো বলেন বঙ্গবন্ধুর হত্যাকারীদের বিচার করতে হবে এবং এর পেছনে যারা জড়িত তাদের খুঁজে বের করতে হবে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে হবে। ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়ে তুলতে যুবদের প্রশিক্ষণ ও ঋণ দিয়ে কর্মসংস্থান এর ব্যবস্থা করে দিতে হবে। বাংলাদেশের যুবদের মধ্যে বঙ্গবন্ধুর চেতনাকে লালন করতে হবে তবেই তা সম্ভব হবে। পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায় বলেন, ৭ ই আগষ্ট থেকে আমরা যে কর্মসূচি শুরু করেছি তা ৩১ আগষ্ট পর্যন্ত চলবে । জাতির পিতার দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ে তোলার যে স্বপ্ন ছিল এ অধিদপ্তর তাতে সরাসরি সম্পৃক্ত। ১৫ ই আগস্ট আমাদের লজ্জার দিন। এ দেশেরই কিছু বিপদগামী সৈনিক স্বপরিবারে তাঁকে হত্যা করে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব ফাইজুল কবির বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তোলাই এখন আমাদের কাজ। মাননীয় প্রধানমন্ত্রী বিভিন্ন সভায় সেটি আমাদের স্মরণ করিয়ে দেন। ইম্পপ্যাক্ট প্রকল্পের (ফেজ - ২) প্রকল্প পরিচালক মোঃ আঃ হামিদ খান ১৫ আগস্টে নিহত সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন। তিনি বলেন বঙ্গবন্ধু ছিলেন দূরদর্শী অকুতোভয়,অভিসংবাদিত নেতা। যার নির্দেশে দেশের আপামর জনসাধারন মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েন। আমরা একটা স্বাধীন দেশ পেয়েছি। আমরা বর্তমানে নিম্ন মধ্য আয়ের দেশ থেকে মধ্যম আয়ের দেশে পরিণত হতে যাচ্ছি। যুবদের কর্মসংস্থানের ব্যবস্থা করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে হবে। সহকারী পরিচালক রওনাকুল ইসলাম ইতিহাসের মহানায়ক বঙ্গবন্ধুর প্রতি বিনম্র শ্রদ্ধা জানান। মাননীয় প্রধানমন্ত্রীর কাজে সহযোগিতার আহ্বান জানান। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আবুল কালাম আজাদ বলেন- আমরা ১৫ আগস্ট এলে শোকের কথা বলি। একটি দেশকে গড়ে তোলার জন্য যা যা করনীয় বঙ্গবন্ধু তাই করেছেন। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা সেভাবে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। দেশের আপামর জনগনের মধ্যে তার প্রতিধ্বনি আছে। তিনি শিক্ষা ব্যবস্থা থেকে সব বিষয়ের উন্নয়নে অবদান রেখে চলেছেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কাজী বন্যা আহমেদ বলেন, বাঙালি ও বঙ্গবন্ধু অবিচ্ছেদ্য। তিনি কবি শামসুর রহমানের 'আমার পরিচয়' কবিতাটি আবৃতি করেন। যুব উন্নয়ন অধিদপ্তর কর্মচারী লীগের সভাপতি আবুল কালাম আজাদ বলেন- সকল ক্ষেত্রে বঙ্গবন্ধু নেতৃত্ব দিয়েছেন। জাতির জনক যুবদের ভালবাসতেন। যারা যোগ্য তাদের প্রমোশন দিয়ে যুবদের কল্যাণে কাজ করার সুযোগ দানের জন্য তিনি অনুরোধ করেন। ন্যাশনাল ইয়ুথ লিডারশীপ ফোরামের সভাপতি নেয়ামত উল্যা বাবু জাতির জনক বঙ্গবন্ধুসহ ও পরিবারের সকল শহিদদের প্রতি শ্রদ্ধা জানান এবং বলেন বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা এ যাবৎকালে দেখা সবচেয়ে সফল সরকার প্রধান। যারা হত্যাকারীদের সহযোগিতা করেছে তাদেরও বিচার দাবী করেন। এছাড়া বঙ্গবন্ধুর বর্ণাঢ্য কর্মময় জীবনের উপর মাসব্যাপি স্থির চিত্র প্রদর্শনের আয়োজন করা হয়। জাতীয় শোকদিবস উপলক্ষে প্রশিক্ষণার্থীদের যুব ঋণের চেক এবং এতিমদের মধ্যে খাদ্য বিতরণ করা হয়।

জাতীয় শোক দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর জীবনের দূর্লভ ছবি নিয়ে যুব ভবনে আলোকচিত্র প্রদর্শনী

আলোকচিত্র প্রদর্শনী ঘুরে দেখছেন মহাপরিচালক আনোয়ারুল করিম পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায়, পরিচালক (পরিকল্পনা) আবুল হাছান খান, পরিচালক (দারিদ্র বিমোচন ও ঋণ) মোঃ এরশাদ উর-রশীদ, পরিচালক (বাস্তবায়ন) মোঃ আখতার আলী সরকার, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্মময় জীবনের দুর্লভ ছবি নিয়ে আয়োজিত আলোকচিত্র প্রদর্শনী ঘুরে দেখছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম। আগস্ট শোকের মাস, এই মাসে বাঙালি জাতি হারিয়েছে তার অভিভাবক স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। ১৫ আগস্ট জাতির জনকের ৪২তম শাহদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস। মহান এই নেতার কর্মময় জীবনের দুর্লভ ছবি নিয়ে আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করেছে যুব উন্নয়ন অধিদপ্তর। রাজধানীর যুব ভবনের নীচতলায় একমাস এ প্রদর্শনী উন্মুক্ত ছিল সর্বসাধারণের জন্য। আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম। পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায়, পরিচালক (পরিকল্পনা) আবুল হাছান খান, পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ) মোঃ এরশাদ-উর-রশীদ, পরিচালক (বাস্তবায়ন) মোঃ আখতার আলী সরকার, অধিদপ্তরের প্রকল্প পরিচালকগণসহ সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারিরাগণ এ সময় উপস্থিত ছিলেন।

শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র কর্তৃক আয়োজিত যুব সমাবেশ-২০১৭

দেশের উন্নয়ন কর্মকাণ্ডে যুবদের সম্পৃক্ত করে জঙ্গিবাদ নির্মূল সম্ভব- সমাবেশে বক্তারা

যুব সমাবেশে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি বক্তব্য রাখছেন

যুব সমাবেশে উপমন্ত্রী আরিফ খান জয় এমপি বক্তব্য রাখছেন

মঞ্চে উপবিষ্ট মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ আসাদুল ইসলাম, ক্রীড়া পরিষদের সচিব অশোক কুমার বিশ্বাস শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের পরিচালক (অঃদাঃ) মোরশেদ উদ্দিন আহমদ

২২ জুলাই জাতীয় ক্রীড়া পরিষদ মিলনায়তনে যুব সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার, এমপি উপমন্ত্রী আরিফ খান জয়, এমপি ও মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ আসাদুল ইসলাম, যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিমসহ আমন্ত্রিত অন্যান্য অতিথিবৃন্দ যুব সমাজকে উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করার মাধ্যমে দেশ থেকে জঙ্গিবাদ নির্মূল করা সম্ভব বলে মনে করেন। 'যুবরা লড়ছে, লড়বে; জঙ্গিবাদের মূল্যোৎপাটন করবে ' প্রতিপাদ্য অনুষ্ঠিত সমাবেশে এমন মন্তব্য করেন তারা। শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র আয়োজিত যুব সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. বীরেন শিকদার। বিশেষ অতিথি ছিলেন যুব ও ক্রীড়া উপমন্ত্রী আরিফ খান জয় ও মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ আসাদুল ইসলাম, ক্রীড়া পরিষদের সচিব অশোক কুমার বিশ্বাস। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের পরিচালক (অঃদাঃ) মোরশেদ উদ্দিন আহমদ। এছাড়া আলোচনায় অংশগ্রহণ করেন বেশ কয়েকজন যুব সংগঠক ও সফল আত্মকর্মী। সমাবেশে বক্তরা বলেন, দেশের যুব সমাজকে উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করার মাধ্যমে এদেশ থেকে জঙ্গিবাদের মূলোৎপাটন করা সম্ভব। এদেশের প্রতিটি আন্দোলন ও অর্জনে যুব সমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তাই যুব সমাজকে সঠিক পথ দেখাতে হবে। সঠিক পথে থেকেই তারা জঙ্গিবাদকে রুখে দেবে এবং দেশকে উন্নতির শিখরে পৌঁছাতে অবদান রাখবে। তাই প্রত্যেককে যার যার অবস্থান থেকে জঙ্গিবাদের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টিতে

ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মতবিনিময় সভা

বক্তব্য দিচ্ছেন মহাপরিচালক আনোয়ারুল করিম পাশে পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায় পরিচালক (পরিকল্পনা) ও ন্যাশনাল সার্ভিস কর্মসূচির পরিচালক আবুল হাছান খান

২৪ জুলাই যুব ভবনে দেশের শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বর্তমান সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্প ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সমাপ্ত ৩য় ও ৪র্থ পর্বের সফলতা এবং শীঘ্রই শুরু হতে যাওয়া ৫ম পর্বের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম। সভায় পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায়, পরিচালক (পরিকল্পনা) ও ন্যাশনাল সার্ভিস কর্মসূচির পরিচালক আবুল হাছান খান, জোরদারকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক এ,এইচ,এম, সামসুজ্জামানসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা কর্মসূচিভুক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। মহাপরিচালক আনোয়ারুল করিম বলেন, ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বর্তমান জনবান্ধব সরকারের অগ্রাধিকারমূলক কর্মসূচি। যেকোন মূল্যে সুষ্ঠু ও সফলভাবে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। বেকার যুবদের জন্য এটি অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি এবং জাতি গঠনমূলক কার্যক্রম। তাই এর বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান। পরিচালক আবুল হাছান খান কর্মসূচির ১ম পর্ব (২০০৯-১০ সাল) থেকে সমাপ্ত ৪র্থ পর্ব পর্যন্ত প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী কর্মসংস্থানের সফলতা তুলে ধরেন।

উদ্ভাবন সংস্কৃতি বিকাশে মেন্টরিং প্রশিক্ষণ কর্মশালা

যুব ভবনে ১৭ জুলাই আয়োজিত জনপ্রশাসনে উদ্ভাবন সংস্কৃতি বিকাশে মেন্টরিং প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য দিচ্ছেন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম, এ সময় আমন্ত্রিত অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন

যুব উন্নয়ন অধিদপ্তরে জনপ্রশাসনে উদ্ভাবন সংস্কৃতি বিকাশে ২ দিনব্যাপি মেন্টরিং প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম কর্মশালায় কারিগরি সহায়তা দিচ্ছে। পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায়ের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক আনোয়ারুল করিম। বিশেষ অতিথি ছিলেন যুগ্ম সচিব ড. শাহ্ মোহাম্মদ সানাউল্লাহ, স্বাগত বক্তব্য রাখেন পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ) মোঃ এরশাদ-উর-রশিদ। আনোয়ারুল করিম বলেন, উদ্ভাবন একটি চলমান প্রক্রিয়া যা পূর্বেও ছিল কিন্তু সংস্কৃতি বিকাশের প্রচলন ছিল না। বর্তমানে এ উদ্যোগটি নেয়া হয়েছে যা অত্যন্ত প্রশংসনীয়। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহযোগিতায় যুব উন্নয়ন অধিদপ্তর প্রশিক্ষণ ও ঋণ সেবায় উদ্ভাবনী কার্যক্রমে ব্যাপক সাফল্য প্রদর্শন করে আসছে।

(১ম পাতার পর)

জামালপুরে ৫ম পর্ব ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর শুভ উদ্বোধন

৫ম পর্বের কার্যক্রমের উদ্বোধন করছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি, পাট ও বস্ত্র প্রতিমন্ত্রী মীর্জা আজম। আরো উপস্থিত ছিলেন ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি মোঃ রেজাউল করিম হীরা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য নাহিম রাজ্জাক, জেলা পরিষদ চেয়ারম্যান ফারুক আহমেদ চৌধুরী, জেলা প্রশাসক আহমেদ কবীর, জেলা আওয়ামী লীগের সভাপতি এডভোকেট মুহম্মদ বাকী বিল্লাহ ও পুলিশ সুপার মোঃ দেলোয়ার হোসেন।

জামালপুর সরকারি আশেক মাহমুদ কলেজ মাঠে আয়োজিত সরকারের ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ৫ম পর্বের কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি। পাট ও বস্ত্র প্রতিমন্ত্রী মীর্জা আজম অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি মোঃ রেজাউল করিম হীরা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য নাহিম রাজ্জাক, জামালপুর জেলা পরিষদ চেয়ারম্যান ফারুক আহমেদ চৌধুরী, জেলা প্রশাসক আহমেদ কবীর, জামালপুর জেলা আওয়ামী লীগের সভাপতি এডভোকেট মুহম্মদ বাকী বিল্লাহ ও পুলিশ সুপার মোঃ দেলোয়ার হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম। স্বাগত বক্তব্য রাখেন ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর পরিচালক আবুল হাছান খান। যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. শ্রী বীরেন শিকদার এমপি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘরে ঘরে কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতি অনুযায়ী ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় এ পর্যন্ত দেশের ২৮টি জেলার ৬৪টি উপজেলায় ১ লক্ষ ১১ হাজার ৬৯৯ জন যুবকে প্রশিক্ষণ প্রদান করে অস্থায়ী কর্মসংস্থানে নিযুক্ত করা হয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে বিষয়ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ সুবিধাভোগীদের ব্যাপক অংশগ্রহণ সরকারি বিভিন্ন বিভাগে কর্ম-চাঞ্চল্য সৃষ্টি ও সেবার পরিধি এবং মান বৃদ্ধি করেছে। পাট ও বস্ত্র প্রতিমন্ত্রী বলেন, ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সরকার ঘোষিত টেকসই উন্নয়ন ও অগ্রাধিকারভিত্তিক একটি কার্যক্রম। ন্যশনাল সার্ভিস কর্মসূচির মাধ্যমে একদিকে যুবদের কর্মসংস্থান বৃদ্ধি পাচ্ছে অন্যদিকে বেকারত্ব দূরীকরণ ও দারিদ্র্য বিমোচনে মাইলফলক হিসেবে কাজ করছে।

যুব ভবনে আয়োজিত অনুষ্ঠান

ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্পের মত বিনিময় সভা

বক্তব্য রাখছেন মহাপরিচালক আনোয়ারুল করিম, মঞ্চে উপবিষ্ট আছেন পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায়, পরিচালক (পরিকল্পনা) আবুল হাছান খান, পরিচালক (দাবিদ্র্য বিমোচন ও ঋন) মোঃ এরশাদ-উর-রশীদ, প্রকল্প পরিচালক আঃ হামিদ খান।

ইম্পপ্যাক্ট প্রকল্পের উদ্যোগে ২৫ জুলাই ২০১৭খ্রিঃ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ২০১৬-২০১৭ অর্থবছরে প্রকল্পের প্রত্যেক কার্যালয়ের মাসভিত্তিক প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে ৬৬ জন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ২৬ জন উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার ও ৩০ জন উপজেলা বায়োগ্যাস সাব - এসিসটেন্ট ইঞ্জিনিয়ার এর সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রধান অতিথি যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম, মঞ্চে উপবিষ্ট আছেন পরিচালক (প্রশাসন ও অর্থ শিশির কুমার রায়, পরিচালক (পরিকল্পনা) আবুল হাছান খান, পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋন) মোঃ এরশাদ-উর-রশীদ, প্রকল্প পরিচালক আঃ হামিদ খান।

আত্মকর্মী থেকে উদ্যোক্তা বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

যুব ভবনে আত্মকর্মী থেকে উদ্যোক্তা বিষয়ক ৫দিনব্যাপী প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দিচ্ছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম ; মঞ্চে উপবিষ্ট আমন্ত্রিত অন্যান্য অতিথিবৃন্দ

মঙ্গলবার (১১ জুলাই) যুব উন্নয়ন অধিদপ্তরে আত্মকর্মী থেকে উদ্যোক্তা বিষয়ক ৫ দিনব্যাপি প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক আনোয়ারুল করিম। তিনি বলেন, এই প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষকরা মাঠ পর্যায়ে উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণের কৌশলসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে ধারণা পাবেন। তারা আত্মকর্মীদের উদ্যোক্তা হিসেবে সফলতা লাভে সহায়তা করতে পারবেন। এতে করে আরো কর্মসংস্থান সৃষ্টি হবে, অর্থনীতিও অধিকতর গতিশীল হবে। অনুষ্ঠানে পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায়, পরিচালক (পরিকল্পনা) আবুল হাছান খান, পরিচালক (দাবিঃ ও ঋণ) মোঃ এরশাদ উর-রশীদ, বেসরকারি সংস্থা কমিউনিকা'র নির্বাহী পরিচালক অনিশ বড়ুয়াসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

(গোল টেবিল বৈঠক ২য় পাতার পর)

যার মধ্যে নারী-পুরুষের বৈষম্য অনেকটা জায়গাজুড়ে রয়েছে। পপুলেশন কাউন্সিলের বাংলাদেশের পরিচালক ওবায়দুর রব বলেন, 'তরুণ জনসংখ্যার এই সুবিধা অর্জন করতে হবে। কারিগরি শিক্ষা ছাড়া এটা সম্ভব নয়। আমাদের হাতে আছে আর মাত্র ২৪ বছর।' নেদারল্যান্ডস দূতাবাসের জ্যেষ্ঠ উপদেষ্টা মাশফিকা জামান সাটিয়ার বলেন, মেয়েদের জন্য কারিগরি শিক্ষা মানেই সেলাই। কেন মেয়েরা সেলাইয়ে সীমাবদ্ধ থাকবে? যুবাদের কারিগরি শিক্ষা কর্মক্ষেত্র উপযোগী হতে হবে। পিএসটিসির নির্বাহী পরিচালক নূর মোহাম্মদ বলেন, তরুণদের কথা শুনতে হবে। নীতিনির্ধারণী পর্যায়ে তরুণদের কণ্ঠস্বর পৌঁছাতে হবে। মেরিস্টোপসের বিশেষ কর্মসূচির মহাব্যবস্থাপক ও বাংলাদেশের সাইকেল আন্দোলনের পুরোধা বিডিসাইক্লিস্টসের মডারেটর ইমরুল হাসান খান বলেন, তরুণদের মনোজগৎ পাহারা দিতে হবে। বেসরকারি সংস্থা আরএইচএসটিইপির নির্বাহী পরিচালক কাজী সুরাইয়া সুলতানা বলেন, এখন বাবা-মায়েরা সন্তানকে সময় দিচ্ছেন না, অথচ প্রত্যাশা করছেন অনেক কিছু। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক নিশাত ফাতিমা রহমান একটি গবেষণার বরাত দিয়ে বলেন, কিশোরদের উল্লেখযোগ্য অংশ মানসিক রোগে ভুগছে। নিয়ন্ত্রণহীন রাগ, পরীক্ষাভীতি, চাপ, সম্পর্কে অবিশ্বাস ইত্যাদি তাদের চেপে ধরছে। এফপিএবির নির্বাহী পরিচালক ও সাবেক সচিব এ এফ এম মতিউর রহমান বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ছাত্রীদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেটের ব্যবস্থা করা জরুরি। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অ্যাডোলেসেন্ট ও রিপ্রোডাক্টিভ হেলথের কর্মসূচি ব্যবস্থাপক জয়নাল হক বলেন, অপরিণত গর্ভধারণ মা ও শিশুস্বাস্থ্যে নেতিবাচক প্রভাব ফেলছে। স্বাস্থ্য অধিদপ্তরের লাইন ডিরেক্টর জাহাঙ্গীর আলম সরকার বলেন, অপরিণত গর্ভের কারণে সেই সন্তান আকারে ছোট হয়, পরেও নানা জটিলতা হয়। বৈঠকে আরও বক্তব্য দেন ইউবিআরের কর্মসূচি সমন্বয়ক শার্মিন ফরহাত ওবায়েদ এবং প্রকল্প ব্যবস্থাপক প্রদীপ দত্তসহ আরো বিশিষ্টজন বক্তব্য রাখেন।

আন্তর্জাতিক যুবদিবস উৎযাপিত (১ম পৃষ্ঠার পর)

মঞ্চে উপবিষ্ট আছেন সচিব মোঃ আসাদুল ইসলাম, মহাপরিচালক আনোয়ারুল করিম, যুগ্ম-সচিব মোঃ মোফাজ্জল হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায়, মোঃ আখতার আলী সরকার, পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন)

আন্তর্জাতিক যুবদিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় অংশগ্রহণকারীগনের একাংশ

যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিমের সভাপতিত্বে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপমন্ত্রী আরিফ খান জয় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সচিব মোঃ আসাদুল ইসলাম, যুগ্ম-সচিব মোঃ মোফাজ্জল হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) শিশির কুমার রায়। প্রধান অতিথি যুব ও ক্রীড়া উপমন্ত্রী আরিফ খান জয় বক্তব্যের শুরুতে অনুষ্ঠান আয়োজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর ও প্রবন্ধকারকে ধন্যবাদ জানিয়ে পৃথিবীর সকল মানুষের জীবনে শান্তি আসুক এই শুভ কামনা করেন। তিনি আরো বলেন, পৃথিবীর বুকে শান্তি প্রতিষ্ঠার জন্য আল্লাহ আমাদের নবী মোহাম্মদ (সাঃ) সহ বিভিন্ন সময়ে আরো নবী ও রাসুলদের প্রেরণ করেছেন। মানুষ হিসেবে আমরা পৃথিবীর বুকে কী অবদান রাখতে পেরেছি তা মূল্যায়ণ করতে হবে। যুবদের দ্বারাই আমরা স্বাধীনতা অর্জন করেছি। আগামী দিনেও যুবরা শান্তি প্রতিষ্ঠায় অবদান রাখবে। এ আশাবাদ ব্যক্ত করেন। স্বাগত বক্তব্যে মোঃ আখতার আলী সরকার, পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন) জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের বিনম্র শ্রদ্ধায় স্মরণ করেন। তিনি বলেন যুব উন্নয়ন অধিদপ্তর আগামী দিনের যোগ্য নাগরিক গড়ে তোলার সাথে যুক্ত। তাই আমাদের প্রতিটি কাজ ইবাদতের সামিল। সন্ত্রাস জঙ্গিবাদ, মাদকমুক্ত সমাজে শান্তি প্রতিষ্ঠায় রাষ্ট্রের সাথে যুবদের সম্পৃক্ততা সময়ের দাবী। আজকে বাংলাদেশের অর্থনীতি শক্ত ভিতের উপর দাঁড়িয়েছে। দেশের প্রতিটি ক্ষেত্রে যুবদের আরো নিবিড়ভাবে কাজে লাগানো সম্ভব হলে প্রতিষ্ঠিত হবে কাঙ্খিত শান্তি। প্রবন্ধকার তার প্রবন্ধে উল্লেখ করেন, জাতীয় যুবনীতি ২০১৭ এর অর্ন্তভূক্ত বিষয়গুলো আন্তর্জাতিক যুব দিবসের প্রতিপাদ্যের সাথে সরাসরি যুক্ত। ২০০৯ সাল থেকে যুবদেরকে শিক্ষা, স্বাস্থ্য প্রশিক্ষণ ও কর্মসংস্থানে অন্তর্ভূক্তির জন্য ব্যাপক উদ্যোগ নেয়া হয়েছে। শিক্ষানীতি, শ্রমনীতি, যুবনীতিতে শান্তির বিষয়টি আরো গুরুত্বসহকারে অর্ন্তভূক্তি করে বাস্তবায়ন করা উচিত। জাতীয় পুরস্কারপ্রাপ্ত সফল আত্মকর্মী হাসিনা মুক্তা বলেন, দেশের ক্রান্তিকালে এই যুবরা হাল ধরেছে। আজ সব ক্ষেত্রে যুবরা কাজ করছে। প্রতিবেশী কুটিরের প্রতিষ্ঠাতা রোখসানা পারভীন দীপু বলেন, আমরা সকলেই সম্মিলিত ভাবে শান্তি প্রতিষ্ঠায় এগিয়ে যাবো। এ দিবসের ব্যাপকতা বৃদ্ধি করার জন্য কলেজ বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অর্ন্তভূক্ত করার আহ্বান জানান। ইয়ুথ লিডারশিপ ফোরামের সভাপতি নেয়ামত উল্যা বাবু বলেন বর্তমান বিশ্বের প্রেক্ষাপটে শান্তি প্রতিষ্ঠায় যুবসমাজকে অর্ন্তভূক্ত করা হয়েছে। যুবদের প্রশিক্ষিত করে সম্পদে পরিণত করতে হবে। যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মচারীলীগের প্রতিষ্ঠাতা সভাপতি আবুল কালাম আজাদ বলেন, জাতির জনক যুবদের নিয়ে স্বাধীনতা অর্জন করেছেন। আজ আমরা তার সুফল ভোগ করছি। তিনি যুব মন্ত্রণালয়কে পৃথক মন্ত্রণালয় করার দাবী জানান।

মোঃ রবিউল আলম, ১৫ ই আগস্টে নিহত সকল শহীদদের শ্রদ্ধা জানিয়ে বলেন, এই প্রবন্ধে সকল ধর্মের অনুশাসনের বিষয়গুলো অন্তর্ভূক্ত হলে ভাল হতো বলে মন্তব্য করেন। যুবদের বিবেক জাগ্রত হলেই শান্তি প্রতিষ্ঠা হবে এ প্রত্যাশা ব্যক্ত করেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে যুগ্ম-সচিব মোঃ মোফাজ্জল হোসেন বলেন, ইসলাম ধর্মসহ সব ধর্মেই শান্তিকে প্রাধান্য দেয়া হয়েছে। যুব নীতিতে সুষ্ঠ শান্তিপূর্ণ সমাজ বি-নির্মাণে যুবসমাজের ভূমিকার কথা উল্লেখ রয়েছে। সমাজে শান্তি বজায় রাখলে শান্তিপূর্ণ সমাজ তথা রাষ্ট্র গড়ে তোলা সম্ভব। বিশেষ অতিথি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মোঃ আসাদুল ইসলাম বলেন, আন্তর্জাতিক প্রতিপাদ্য বিষয় অনেক চিন্তা ভাবনা করে নির্ধারন করা হয়। আমাদের দেশের প্রেক্ষাপটে এটি খুবই প্রাসঙ্গিক। শান্তি না থাকলে সকল অর্জন নষ্ট হয়ে যায়। বঙ্গবন্ধু সবার সাথে বন্ধুত্ব, বৈরিতা নয়-এ নীতিতে বিশ্বাসী ছিলেন এখন এ ধরনের নেতা অনেক কমে গেছে। ডেমোগ্রাফিক ডিভিডেন্ট কাজে লাগবে যদি আমরা যুবদের প্রশিক্ষণ দিয়ে যথাযথ ভাবে কাজে লাগাতে পারি। তা না হলে এ সুযোগ হারিয়ে যাবে, যে প্রতিকূলতা আছে তা কাটিয়ে উঠতে হবে। মহাপরিচালক আনোয়ারুল করিম বলেন, যে কোন সমস্যার গভীরে যেতে হয় প্রবন্ধে সেটি ছিল। সে জন্য প্রবন্ধকারকে ধন্যবাদ জানান। জাতিসংঘ কর্তৃক নির্বাচিত এবারের প্রতিপাদ্য বিষয়টি অত্যন্ত প্রাসঙ্গিক। শান্তি প্রতিষ্ঠায় যুব সমাজের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি নেলসন ম্যান্ডেলার কথা তুলে ধরেন। আমরা যুবদের সচেতন করে বিভিন্ন কার্যক্রমে সংযুক্ত করতে পারি এবং সমস্ত বিশ্বের যুবরা একতাবদ্ধ হয়ে শান্তি প্রতিষ্ঠায় এগিয়ে আসতে পারে তবেই শান্তি প্রতিষ্ঠিত হবে।

৫টি স্বেচ্ছাসেবী যুব সংগঠনের আর্থিক সহযোগিতায় বৃক্ষরোপন কর্মসূচি

পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন) মোঃ আখতার আলী সরকার বৃক্ষ রোপনে নির্দেশনা দিচ্ছেন

১২ই আগস্ট আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে কোব্বাদ সরদার সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে ৫০টি ফলদ, বনজ, ঔষধি ও কাঠ জাতীয় বৃক্ষরোপন করা হয়। ৫টি স্বেচ্ছাসেবী যুব সংগঠনের আর্থিক সহযোগিতায় বৃক্ষরোপন কর্মসূচি পালিত হয়। ঢাকা ইয়ুথ সার্কেল ওয়েলফেয়ার অর্গানাইজেশন, মৈত্রী সমাজ কল্যাণ সংঘ, বিপ্লবী সাংস্কৃতিক গোষ্ঠী, ভ্রাতৃ সংঘ, যাত্রাবাড়ি যুব কল্যাণ সংস্থার উদ্যোগে আয়োজিত বৃক্ষ রোপন কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন) মোঃ আখতার আলী সরকার, সূত্রাপুর থানা শিক্ষা অফিসার মোঃ মঈনুল হোসেন, শহর সমাজ সেবা কর্মকর্তা মোঃ নূর ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন শ্রেষ্ঠ যুব সংগঠক পুরস্কার প্রাপ্ত মোঃ জাকির হোসেন, এ,কে,এম নেয়ামত উল্লাহ বাবু, মোহাম্মদ আরজু হোসেন, মাকসুদ আহমেদ চৌধুরী, যাত্রাবাড়ি যুব কল্যাণ সংস্থার সাধারণ সম্পাদক এ এইচ এম আবু সায়েম, হাবিবুল্লাহ চঞ্চল, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা তাহমিনা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।

শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে Master trainer প্রশিক্ষণ

মহাপরিচালক আনোয়ারুল করিম প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বক্তব্য দিচ্ছেন। পাশে Organic Farming Specialist Mr. Charles Thomas Mitchell, শামছুল কবীর, বাদল কুমার গোলজার এবং পরিচালক (অঃদাঃ) মোরশেদ উদ্দিন আহমেদ

Winrock International এর সহযোগিতায় ০৪-০৯ আগস্ট ২০১৭ তারিখে Safe food Production Practices for youth Entrepreneurship Development শীর্ষক "Master trainer" প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। কোর্সটিতে অংশগ্রহণকারী ছিলেন সিনিয়র ইন্সট্রাক্টর (কৃষি) এবং ডেপুটি কো-অর্ডিনেটরবৃন্দ। কোর্সটির অংশগ্রহণকারী ছিলেন ২৫ জন। ০৬ (ছয়) দিনের প্রশিক্ষণে IForm International Federation of Organic Agriculture Movement ট্রেনিং ম্যানুয়েল, উৎপাদন গাইড অনুসরণ করা হয়েছে। তারা সপ্তাহ ব্যাপি প্রশিক্ষণের আউট লাইন তৈরি করেছেন। প্রশিক্ষণ কেন্দ্রে ডেমো প্লট তৈরি এবং উৎপাদনের জন্য ইনপুট দিয়েছেন। পানি ও দুধ, গোবর এবং মোলাসেস এর সংমিশ্রণে জৈব সার তৈরি পদ্ধতি শিখিয়েছেন। মহাপরিচালক আনোয়ারুল করিম অভিজ্ঞতা বিনিময় করার জন্য ধন্যবাদ জানিয়ে বলেন আমরা জৈব উৎপাদনের জন্য ক্যাম্পেইন করতে পারি। তিনি আরো বলেন এ প্রশিক্ষণের মাধ্যমে যারা মাস্টার ট্রেইনার হয়েছে তাদের মাধ্যমে এই প্রশিক্ষণ অব্যাহত থাকবে এবং ভবিষ্যতে একসাথে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন।

মাদারগঞ্জে মোবাইল ভ্যানে কম্পিউটার প্রশিক্ষণ

প্রশিক্ষণার্থীদের একাংশ ও আমন্ত্রিত অতিথিদের সাথে টেকাব প্রকল্পের প্রকল্প পরিচালক আবুল হাছান খান

যুব উন্নয়ন অধিদপ্তরের 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের তত্ত্বাবধানে জামালপুরের মাদারগঞ্জ উপজেলায় মোবাইল ভ্যানে কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেছেন প্রকল্প পরিচালক আবুল হাছান খান। ৩ আগস্ট (বৃহস্পতিবার) পরিদর্শনে আসেন তিনি। এর আগে ১ আগস্ট মাসব্যাপি প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করা হয়। পরিদর্শনকালে আবুল হাছান খান অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের খোঁজখবর নেন; প্রশিক্ষণ বিষয়ে তাদের সাথে কথা বলেন এবং প্রশিক্ষণ গ্রহণের পর তা কিভাবে ব্যবহারিক জীবনে প্রয়োগসহ কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করবে সে বিষয়েও পরামর্শ দেন। পরিদর্শনকালে তার সাথে ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোস্তাফিজুর রহমান, জামালপুর যুব উন্নয়ন অধিদপ্তরের (ভারপ্রাপ্ত) উপপরিচালক (চঃ দাঃ) মোঃ এনায়েত করিম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আবু সাঈদ মোঃ শাহীনুর খান, কোর্সের প্রশিক্ষক আহমদ রেজা কোরাইশী। দেশের ৭টি বিভাগের ৬৪টি জেলার উপজেলা পর্যায়ে বেকার যুব ও যুব নারীদের বিনামূল্যে কম্পিউটার ও ইন্টারনেট বিষয়ে ১ মাস মেয়াদি আইসিটি মোবাইল ভ্যানে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে প্রকল্পটির মাধ্যমে।

"যুব সংগঠক সমন্বয় সভা"

বক্তব্য রাখছেন পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন) মোঃ আখতার আলী সরকার, মঞ্চে উপবিষ্ট আছেন উপপরিচালক মোঃ দেলোয়ার হোসেন, সহকারী পরিচালক মোয়াজ্জেম হোসেন গাজী, সংগঠক মোঃ জাকির হোসেন এ কে এম নেয়ামত উল্লাহ বাবু, আরজু হোসেন

যুব সংগঠনের কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে যুব সংগঠকদের সঙ্গে মতবিনিময় সভা ২ আগষ্ট ২০১৭ খ্রিঃ তারিখ ভ্রাতৃ সংঘ কোতয়ালী থানা ইউনিট এর উদ্যোগে গেন্ডারিয়া, ফরিদাবাদ যাত্রাবাড়ি, শ্যামপুর এলাকার প্রায় ৩০টি যুব সংগঠনের প্রতিনিধিদের এক মত বিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন) কার্যক্রম মোঃ আখতার আলী সরকার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের ঢাকা জেলা কার্যালয়ের উপপরিচালক মোঃ দেলোয়ার হোসেন ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী পরিচালক মোয়াজ্জেম হোসেন গাজী। আরো উপস্থিত ছিলেন পুরস্কার প্রাপ্ত সংগঠক মোঃ জাকির হোসেন, এ কে এম নেয়ামত উল্লাহ্ বাবু, আরজু হোসেন, ক্রেডিট সুপার ভাইজার আব্দুল কাইয়ুম প্রমুখ।

সিলেট জেলায় শোক দিবস পালন

বক্তব্য রাখছেন মোঃ আলাউদ্দিন, উপপরিচালক (চলতি দায়িত্ব) পাশে ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, সহকারী রেজিষ্টার সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

সিলেট জেলা কার্যালয় কর্তৃক শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন মোঃ আলাউদ্দিন, উপপরিচালক (চলতি দায়িত্ব)। আরো উপস্থিত ছিলেন সহকারী পরিচালক, আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, সহকারী রেজিষ্টার সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, সিলেট সহ জেলা কার্যালয় যুব প্রশিক্ষণ কেন্দ্রের সকল কর্মকর্তা কর্মচারী ও সকল ট্রেডের প্রশিক্ষণার্থীবৃন্দ।

শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ কোর্স সমাপ্ত

সনদপত্র গ্রহণ করছেন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী শিক্ষিকা

যুব উন্নয়ন অধিদপ্তর কর্মচারী লীগ কর্তৃক আয়োজিত শোক সভা যুব ভবনের সম্মেলন কক্ষে

জাতীয় শোক দিবসের আলোচনা সভা,

মঞ্চে উপবিষ্ট প্রধান অতিথি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপমন্ত্রী আরিফ খান জয় এমপি, জাতীয় শ্রমিক লীগের সভাপতি আলহাজ্ব শুক্কুর মাহমুদ, বীর মুক্তিযোদ্ধা জাতীয় শ্রমিক লীগের সাধারন সম্পাদক মোঃ সিরাজুল ইসলাম, মোঃ আহসান হাবিব মোল্লা, সাধারন সম্পাদক, জাতীয় শ্রমিক লীগ, ঢাকা মহানগর, যুব উন্নয়ন অধিদপ্তর কর্মচারীলীগের প্রতিষ্ঠাতা সভাপতি আবুল কালাম আজাদ

২৩ আগস্ট-২০১৭ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মচারী লীগ কর্তৃক আয়োজিত শোক সভা যুব ভবনের সম্মেলন কক্ষে জাতীয় শোক দিবসের আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল, তোবারক বিতরনের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপমন্ত্রী আরিফ খান জয় এমপি হাজার বছরের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি সর্বকালের অবিসংবাদিত নেতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও তার পরিবারের নিহত সদস্যদের প্রতি শ্রদ্ধা জানিয়ে তাঁদের রুহের মাগফেরাত কামনা করেন। অতঃপর বঙ্গবন্ধুর জীবনীর উপর আলোচনা করেন। বিশেষ অতিথি উপস্থিত ছিলেন - জাতীয় শ্রমিক লীগের সভাপতি আলহাজ্ব শুক্কুর মাহমুদ, বীর মুক্তিযোদ্ধা জাতীয় শ্রমিক লীগের সাধারন সম্পাদক মোঃ সিরাজুল ইসলাম, মোঃ আহসান হাবিব মোল্লা, সাধারন সম্পাদক, জাতীয় শ্রমিক লীগ, ঢাকা মহানগর,। অনুষ্ঠান উপস্থাপন করেন যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মচারীলীগের সাধারন সম্পাদক মোঃ ইরফানুল হক। সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মচারীলীগের প্রতিষ্ঠাতা সভাপতি আবুল কালাম আজাদ। সভাপতি তার বক্তব্যে যুব উন্নয়ন অধিদপ্তরের সকল কর্মকর্তা/ কর্মচারীদের জাতির পিতার আদর্শকে ধারণ করার আহ্বান জানান।

শোক সংবাদ

রাজশাহী যুব প্রশিক্ষণ কেন্দ্রের সিনিয়র প্রশিক্ষক (পশুপালন) মোঃ শফিকুল ইসলাম দুরারোগ্য অগ্নাশয় ক্যান্সার রোগ হয়ে ২৩ জুলাই ২০১৭খ্রিঃ তারিখ আনুমানিক রাত ১০.০০ঘটিকায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৮ বছর। তিনি স্ত্রী ও ৩(তিন) কন্যাসন্তানসহ বহু গুনগ্রাহী রেখে গেছেন। আমরা তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

পরিচালক পদে যোগদান

যুগ্মসচিব মোঃ জাহাঙ্গীর আলম প্রধান কার্যালয়ের পরিচালক (প্রশিক্ষণ) পদে ১৩ আগস্ট যোগদান করেন। তিনি ইতোপূর্বে প্রধান নির্বাহী পদে, জেলা পরিষদ, মাদারীপুরে কর্মরত ছিলেন। তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডার ৮ম ব্যাচের কর্মকর্তা।

মাদকমুক্ত যুব সমাজ গড়ার অঙ্গীকার

ঢাকাবাসী সংগঠন ও বাংলাদেশ জাতীয় যুব সংগঠন ফেডারেশন আয়োজিত র‌্যালি হাজারীবাগের বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে

আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে ঢাকাবাসী সংগঠন ও বাংলাদেশ জাতীয় যুব সংগঠন ফেডারেশনের যৌথ উদ্যোগে র‌্যালি ও হাজারীবাগ কমিউনিটি সেন্টারে আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য ব্যারিষ্টার শেখ ফজলে নূর তাপস। তিনি বলেন, যুব সমাজকে মাদকের করাল গ্রাস থেকে দূরে রাখতে হবে। মাদকমুক্ত যুব সমাজ গড়ে তুলতে হবে। এলক্ষ্য বাস্তবায়নে দলমত নির্বিশেষে সবাইকে এগিয়ে আসতে হবে। ঢাকাবাসী সংগঠনের সভাপতি মোঃ শুকুর সালেকের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জাতিসংঘ তথ্য কেন্দ্রের ঢাকা এর অফিসার ইনচার্জ মোহাম্মদ মনিরুজ্জামান, বাংলাদেশ জাতীয় যুব ফেডারেশনের সভাপতি দুলাল বিশ্বাস, ঢাকাবাসী সংগঠনের উপদেষ্টা মোঃ হুমায়ুন কবির। অনুষ্ঠানে আরো ছিলেন পর্তুগালের বিশ্ব যুব উৎসবে অংশগ্রহণকারী শাহীন পারভীন, যুব কর্মী ডাঃ তাসমিয়া কবির দোলা, সাকিব সালেক, ঢাকাবাসী সংগঠনের মহাসচিব শেখ খোদাবকস, শিরিন সুলতানা ও উপদেষ্টা আজফারুজ্জামান সোহরাব। বিশ্বের বিভিন্ন দেশে যুব কার্যক্রমে অংশগ্রহণকারী যুবদের সংবর্ধনা দেওয়া হয়। সভা শেষে র‌্যালি হাজারীবাগের বিভিন্ন স্থান প্রদক্ষিণ শেষে কমিউনিটি সেন্টারে এসে শেষ হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সাফল্যের স্বীকৃতি

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় জনসেবা প্রদানে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ যুব উন্নয়ন কর্মকর্তা নাজমা বেগমকে 'জনপ্রশাসন পদক ২০১৭' প্রদান করা হয়।

যুব তথ্য কণিকা

নং	কর্মকাণ্ডের বিষয়	শুরু থেকে জুন ২০১৭ পর্যন্ত	জানুয়ারি ২০০৯-জুন ২০১৭	জুলাই-সেপ্টেম্বর ২০১৭
০১.	বেকার যুবদের প্রশিক্ষণ	৫২,০৩,৩৪৩ জন	২১,০৮,৩৯৪ জন	৬৭,৭৮৪ জন
০২.	প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান	২০,৫৬,০৫০ জন	৫৪৭১৬৯ জন	১৬,২৫৪ জন
০৩.	ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় প্রশিক্ষণ প্রদান	১১৪০৩৪ জন	১,১৪০৩৪ জন	১৪,৮৫০ জন
০৪.	ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় কর্মসংস্থান সৃষ্টি	১১১৬৯৯ জন	১১১৬৯৯ জন	-
০৫.	ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ	১৫৮১,১১.৪৭ লক্ষ টাকা	৭৪৭৫০.২০ লক্ষ টাকা	৩২৫৩.২৭ লক্ষ টাকা
০৬.	ক্ষুদ্র ঋণ গ্রহণকারীর সংখ্যা	৮৮০৯১৭ জন	১৭১৭৭২ জন	৯,২২০ জন
০৭.	তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা	১৮৩৫২ টি	১১৩৬৬ টি	-
০৮.	নিবন্ধনভুক্ত যুব সংগঠনের সংখ্যা	-	-	৮ টি

বিদেশে যাচ্ছেন? বৈধ পথে যাচ্ছেন কিনা জেলায় অবস্থিত জনশক্তি ও কর্মসংস্থান অফিসে গিয়ে সরাসরি জেনে নিন।